

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সফরের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কোন গ্রাম বা শহর প্রবেশকালে সেখানকার লোকদের অনিষ্টকারিতা থেকে আশ্রয় প্রার্থনা

কোন গ্রাম বা শহর প্রবেশকালে সেখানকার লোকদের অনিষ্টকারিতা থেকে আশ্রয় প্রার্থনা করে নিম্নের দু'আ পড়ুনঃ

اَللّهُمَّ رَبَّ السَّمَاوَاتِ السَّبْعِ وَمَا أَظْلَلْنَ وَرَبَّ الأَرَضِيْنَ السَّبْعِ وَمَا أَقْلَلْنَ وَرَبَّ الشَّيَاطِيْنِ وَمَا أَطْلَلْنَ وَرَبَّ الأَرَضِيْنَ السَّبْعِ وَمَا أَقْلَلْنَ وَرَبَّ الشَّيَاطِيْنِ وَمَا أَطْلَلْنَ وَرَبَّ اللّهَمَّ وَرَبَّ السَّيَاحِ وَمَا ذَرَيْنَ، أَسْأَلُكَ خَيْرَ هذهِ الْقَرْيَةِ وَخَيْرَ أَهْلِهَا وَخَيْرَ مَا فِيْهَا، وَأَعُوْذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ أَهْلِهَا وَشَرِّ مَا فِيْهَا

উচ্চারণঃ আল্লা-ভ্ম্মা রাববাস সামা-ওয়া-তিস সাব্ই অমা আযলালনা, অরাব্বাল আরায়ীনাস সাব্ই অমা আরুলালনা, অরাববাশ শায়া-ত্বীনি অমা আয়লালনা, অরাব্বর রিয়া-হি অমা যারাইনা, আসআলুকা খাইরা হা-যিহিল কারয়্যাতি অখাইরা আহলিহা অখাইরা মা ফীহা। অ আউযু বিকা মিন শাররিহা অশাররি আহলিহা অশাররি মা ফীহা।

অর্থঃ হে আল্লাহ! হে সপ্তাকাশ ও যা কিছুকে তা ছেয়ে আছে তার প্রতিপালক! হে সপ্ত পৃথিবী ও যা কিছু তা বহন করে তার প্রতিপালক! হে শয়তানদল ও তারা যাদেরকে ভ্রষ্ট করে তাদের প্রতিপালক! হে বায়ু ও যা কিছু তা উড়িয়ে থাকে তার প্রভু! আমি তোমার নিকট এই গ্রাম ও গ্রামবাসীর এবং এর মধ্যে যা কিছু আছে তার অমঙ্গল হতে পানাহ চাচ্ছি।[1]

## ফুটনোট

[1]. হাকেম ২/১০০, ইবনুস সুন্নী ৫২৪

Source — https://www.hadithbd.com/books/link/?id=7952

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন